

ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট '২০২০

বিষয়ঃ অর্থনীতি ২য় পত্র

বিষয় কোডঃ ১১০

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমানঃ ৩০

[যে কোন ৩টি প্রশ্নের উত্তর দাওঃ]

১। হিরা ও মুনির উভয়ই কৃষিকাজ করে। হিমু যেখানে কেবল পরিবারের চাহিদা মেটানোর জন্য চাষাবাদ করে সেখানে মুসি উৎপাদিত ফসলের সবটাই বিক্রি করে। হিমু দরিদ্র থেকে গেলেও মুসি ক্রমেই ধনী হয়ে উঠেছে।

ক) কৃষি জাত কী?

খ) সনাতন পদ্ধতিতে চাষাবাদ বলতে কী বোঝায়?

গ) হিরা যে ধরনের খামারে চাষাবাদ করে তার প্রকৃতি ব্যাখ্যা কর।

ঘ) উন্নয়নের জন্য কোন ধরনের খামার প্রয়োজন বলে তুমি মনে কর? যুক্তিসহ ব্যাখ্যা কর।

২। জনাব আরিফ হোসেন ছোট-বড় কয়েকটি শিল্প প্রতিষ্ঠানের মালিক। এগুলোর সবই কাঁচামালভিত্তিক। এগুলোতে শ্রমঘন উৎপাদন কৌশল ব্যবহৃত হয়। তার উৎপাদিত দ্রব্যের দাম বেশি যদিও তার মান নিম্ন। এজন্য তিনি অবশ্য পুরাতন প্রযুক্তি ও অদক্ষ শ্রমিককে দায়ী করেন।

ক) শিল্প বলতে কী বোঝায়?

খ) উদাহরণসহ ফার্ম ও শিল্পের মধ্যে পার্থক্য তুলে ধর।

গ) জনাব আরিফ হোসেনের প্রতিষ্ঠিত শিল্পপ্রতিষ্ঠানগুলোর বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের আলোকে বাংলাদেশের শিল্প কাঠামোর প্রকৃতি বিশ্লেষণ কর।

৩। মি.জাহির যে কারখানার কাজ করেন সেখানকার বেশিরভাগ শ্রমিকই অদক্ষ; তাছাড়া তাদের শরীর-স্বাস্থ্যও তেমন ভালো নয়। তাদের বেশিভাগই অস্বাস্থ্যকর ও ঘিঞ্জি পরিবেশে বসবাস করে। তবে আশার কথা, সম্প্রতি সরকার দেশে মানব সম্পদ উন্নয়নে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করায় অবস্থার উন্নতি ঘটছে।

ক) মানব সম্পদ বলতে কী বোঝায়?

খ) মানব সম্পদ উন্নয়নের উপাদানগুলো কী?

গ) বাংলাদেশে মানব সম্পদের প্রকৃতি কীরূপ তা ব্যাখ্যা কর।

ঘ) এদেশে মানব সম্পদ উন্নয়নে গৃহীত সরকারি কার্যক্রম মূল্যায়ন কর।

৪। রুপু রোজার ঈদে তার বাবা-মার সঙ্গে ঢাকা থেকে নানার গ্রামের বাড়িতে যাবে। বাবা প্রথমে ঢাকার গাবতলীতে যান। বাসে কোনো টিকেট না পেয়ে সবাই মিলে রেল স্টেশনে যান। রুপু দেখে ট্রেনে তিল ধারণের জায়গা নেই। অনেক কষ্টে নানার বাড়ি পৌঁছে। সে গ্রামের অধিকাংশ মানুষ রোগা, গরিব এবং বেকার। সে গ্রাম্য মানুষের এসব সমস্যা সমাধানের উপায় নিয়ে স্থানীয় জনপ্রতিনিধির সাথে আলোচনা করল।

ক) কাম্য জনসংখ্যা কী?

খ) মানবসম্পদ উন্নয়নের প্রধান দুটি সূচকের ব্যাখ্যা দাও।

গ) উদ্দীপকের আলোকে বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির প্রভাব আলোচনা কর।

ঘ) রুপুর নানার গ্রামের মানুষদের বিদ্যমান সমস্যা সমাধানে কী কী পদক্ষেপ গ্রহণ করা যায়? বিশ্লেষণ কর।

৫। আরমান সাহেব একজন বিশেষজ্ঞ। দীর্ঘদিন যাবৎ তিনি যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন। সাম্প্রতিক সময়ে তিনি দেশে বেড়াতে এসেছেন। গ্রামের পথ দিয়ে হাঁটতে হাঁটতে তিনি লক্ষ্য করলেন গ্রামের অবস্থা আর পূর্বের মতো নেই। গ্রামে বিদ্যুৎ এসেছে। রঙিন টিভি ও ডিস-লাইন এসেছে। মানুষ চায়ের দোকানে বাসে চা-পানের সাথে সাথে টিভির বিভিন্ন চ্যানেলের সংবাদের পাশাপাশি বিভিন্ন দেশের আচার-অনুষ্ঠান দেখার সুযোগ পাচ্ছে।

ক) বিশ্বায়ন কী?

খ) “বিশ্বায়ন ও তথ্য প্রযুক্তির মধ্যে সম্পর্ক সম্মুখী”- ব্যাখ্যা কর।

গ) বিশ্বায়নের পরিপ্রেক্ষিতে সমাজের কী কী পরিবর্তন হয়েছে বলে আরমান সাহেব মনে করেন? ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপক অনুযায়ী সমাজে বিশ্বায়নের প্রায়োগিক ভিত্তি আছে কি না? তোমার সপক্ষে যুক্তি দেখাও।